দৈনিক সংবাদ

তারিখ APR. ৫ -1999
পৃষ্ঠা ৪ কলাম ৩

133

## মাধ্যমিক স্কুলে শিক্ষক নিয়োগে এই কি নিয়ম?

গোলামবারী উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম জেলার লোহাগাড়া থানার স্বনামধন্য ১ম সারির মাধ্যমিক বিদ্যালয়। অত্যন্ত প্রবীণ ও জ্ঞানী ব্যক্তি উক্ত স্কুলের প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করে আসছেন। কিন্তু উক্ত স্কুলের সিনিয়র শিক্ষক জনাব শফিক আহামদ কিছু দুষ্ট প্রকৃতির ছাত্র নিয়ে স্কুলের প্রশাসনিক কাজে তার আধিপত্য প্রতিষ্ঠার লক্ষ্যে প্রধান শিক্ষককে শারীরিকভাবে নির্যাতন করায় তার নিন্দনীয় কাজের প্রাথমিক শাস্তি হিসেবে তাকে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করেন। কিন্তু তার এই নিন্দনীয় কাজের কালিমা হাজারোও কালি দিয়ে মুছা যাবে না। অসদাচরণের জন্য বরখাস্তকৃত একজন শিক্ষককে একই থানাধীন উত্তর আমিরাবাদ এমবি হাইস্কুল অনিয়মতান্ত্রিকভাবে পদোন্নতি দিয়ে সহকারী প্রধান শিক্ষক পদে নিয়োগ দেন। যে শিক্ষক ছাত্র দিয়ে প্রধান শিক্ষককে শারীরিকভাবে নির্যাতন করতে দ্বিধাবোধ করেন নাই, সে শিক্ষকের কাছ থেকে শিক্ষার্থী বা সমাজ কি শিক্ষা লাভ করতে পারে? তা আমিরাবাদবাসীর বোধগম্য নয়। উত্তর আমিরাবাদ এমবি হাইস্কুল পরিচালনা পরিষদের কাছে এলাকাবাসীর জিজ্ঞাসা থেকে যাবে? একজন শিক্ষক যদি প্রধান শিক্ষককে শারীরিকভাবে নির্যাতন করার অপরাধে সাময়িকভাবে বরখাস্ত হয়ে অন্য স্কুলে নিয়োগের সুযোগ পান তাহলে শিক্ষাব্যবস্থায় শৃংখলা থাকবে না এবং ঘটনার পুনরাবৃত্তি ঘটবে।

তাই মাননীয় মহাপরিচালক, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা এবং চেয়ারম্যান, চট্টগ্রাম শিক্ষা বোর্ড সমীপে বিষয়টি তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধ জানাচ্ছি।

আমিরাবাদবাসীর পক্ষে
মোক্তার আহামদ
গ্রাম-আমিরাবাদ
ডাক-মাস্টার হাট,
লোহাগড়া, চট্টগ্রাম।